



ভর্তি পরীক্ষা ২০১৫-১৬

A ইউনিট

যশোরবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর- ৭৪০৮, বাংলাদেশ।

## ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে A ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল অদ্য ১৭-১২-২০১৫ ইং তারিখে প্রকাশিত হল। প্রকাশিত ফলাফলে উল্লেখিত মেধা তালিকা অনুযায়ী নির্বাচিত পরীক্ষার্থীদের ০৩ ও ০৪ জানুয়ারী ২০১৬ ইং তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, মেধা তালিকা থেকে উক্ত তারিখের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে পরবর্তীতে তাদের আর ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

ভর্তির সময় নিম্নলিখিত ডকুমেন্টসমূহ সংগে আনতে হবেঃ

১. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
২. পাসপোর্ট সাইজের ছবি (১০ কপি)।
৩. মাধ্যমিক/সমমান পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্রের মূলকপি।
৪. মাধ্যমিক/সমমান পরীক্ষা পাশের মার্কশীটের মূলকপি।
৫. উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্রের মূলকপি অথবা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।
৬. উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাশের মার্কশীটের মূলকপি।
৭. উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা রেজিস্ট্রেশন কার্ড (মূলকপি)।
৮. আনুমানিক ১৭,০০০/= টাকা।

অপেক্ষমান তালিকা থেকে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আগামী ০৬-০১-২০১৬ ইং এবং ০৯-০১-২০১৬ ইং তারিখে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আসন খালি থাকা সাপেক্ষে তাদের ফলাফল আগামী ১০-০১-২০১৬ ইং তারিখে প্রকাশ করা হবে এবং তাদের ভর্তি কার্যক্রম আগামী ১১-০১-২০১৬ ইং এবং ১২-০১-২০১৬ ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কোটার স্বপক্ষে যাবতীয় সনদসহ আগামী ১৬-০১-২০১৬ ইং তারিখে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের ৩১৩ নং কক্ষে সাক্ষাতকারে উপস্থিত হতে হবে। কোটায় ভর্তির ফলাফল আগামী ১৮-০১-২০১৬ ইং তারিখে প্রকাশিত হবে। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবশ্যই লাল মুক্তিবর্তা/সরকারী গেজেটের ফটোকপি এবং মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মূল সনদ সংগে আনতে হবে। প্রতিবন্ধী ও আদিবাসী কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবশ্যই সমাজকল্যাণ মন্ত্রণালয়/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংগে আনতে হবে।

*S. R. Rahman*  
17-12-2015

(ড. বিপ্লব কুমার বিশ্বাস)

সমন্বয়কারী

A ইউনিট, ভর্তি পরীক্ষা ২০১৫-১৬

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর-৭৪০৮।

### অনুলিপিঃ

- ১) সকল ডীন, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ২) রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৩) সকল বিভাগীয় চেয়ারম্যান, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৪) প্রভোস্ট, শহীদ মসিয়ুর রহমান হল ও শেখ হাসিনা হল, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৫) প্রক্টর, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৬) প্রধান চিকিৎসা কর্মকর্তা, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৭) একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়কে সদয় অবহিতকরণের জন্য), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৮) ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, যবিপ্রবি শাখা।
- ৯) সকল নোটিশ বোর্ড।